

# আসন্ন শারদীয়া উৎসব ও দীপাবলী উগলক্ষে



পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপন ও  
জরুরী পরিষেবা দপ্তরের আবেদন







## আসন্ন শারদীয়া উৎসব ও দীপাবলী উপলক্ষে পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের নিবেদন

দেশের বর্তমান সমস্যাসঙ্কুল পরিস্থিতিতে যখন অভাবঅনটন অনিশ্চয়তার সর্বগ্রাসী ছায়া আবাল-বৃদ্ধবণিতাকে গ্রাস করতে চলেছে ঠিক সেই মুহূর্তে আকাশ বাতাস মুখরিত করে খুশির জোয়ার তুলে বেজে উঠল শারদীয়া ও দীপাবলির সেই সুপ্রাচীন মঙ্গলশঙ্খ। সমগ্র জাতি সমস্ত অভাব-অভিযোগ, দুঃখ-দুর্দশা ভুলে আন্তরিকভাবে মেতে ওঠে উৎসবের দিনগুলি উপভোগে। শুরু হয় বিভিন্ন আনন্দানুষ্ঠান। শিল্প সুষমায় ভরা অট্টালিকাসম বহু অস্থায়ী মণ্ডপ গড়ে ওঠে ও রকমারী মোহময়ী সাজে সেগুলি হয় আরও রূপময়। আলোকসজ্জার বর্ণছটায় বিভিন্ন পল্লীপ্রাঙ্গন হয়ে ওঠে নান্দনিক ও আনন্দমুখর। উৎসবের দিনগুলি নিরাপদে অতিবাহিত হোক সকলেই এই কামনা করি। তবুও ক্ষণিকের অসাবধানতায় কখনও কখনও কোন মণ্ডপে অগ্নিদুর্ঘটনা ঘটে যায়। আনন্দ পরিণত হয় নিরানন্দে। কিন্তু আমাদের সমবেত সচেতনতায় অগ্নিকাণ্ড সহজেই পরিহার করা যায়। মণ্ডপ নির্মানের সময় ও পরবর্তীকালে যেমন পূজা উদ্যোক্তাদের অবশ্যপালনীয় কিছু দায়িত্ব থাকে, তেমনই জনসাধারণের দায়িত্ব এবং কর্তব্যও অনস্বীকার্য। তাই শুভবুদ্ধি সম্পন্ন সকলের কাছে আমাদের আবেদন “আসুন সকলে মিলে শারদীয়া ও দীপাবলীর দিনগুলি অগ্নিদুর্ঘটনা-বিহীন উৎসবে পরিণত করি”।

উৎসব মুখর দিনগুলি আরও সুন্দর, নিরাপদ ও আনন্দমুখর করে তোলার জন্য প্রতিবারের মতো এবারও অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের কর্মী-বন্ধুগণ সদাজাগ্রত থাকবেন মানুষের জীবন ও সম্পত্তি রক্ষায়। আপনাদের সক্রিয় সহযোগিতা ও সহানুভূতি সেইসব কর্মীবন্ধুদের দায়বদ্ধতার গণ্ডি পেরিয়ে আরও বেশী দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করুক - এই কামনা করি।



## অগ্নিদুর্ঘটনা রোধে আপনার অবশ্য পালনীয় কর্তব্যসমূহ

### সাধারণ নির্দেশাবলী

- অস্থায়ী পূজামণ্ডপ নির্মানের আগে অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের অনুমতি নেওয়া এবং প্রয়োজনীয় নির্দেশাবলী পালন করা বাধ্যতামূলক।
- বস্তু বাড়ীর লাগোয়া পূজামণ্ডপ নির্মান বেআইনী।
- পূজা মণ্ডপের সামনে পর্যাপ্ত উন্মুক্ত জায়গা রাখা বাধ্যতামূলক যাহাতে অগ্নিনির্বাপক গাড়ী দ্রুত ও বিনা বাধায় নিকটে পৌঁছতে পারে।
- পূজা মণ্ডপের ভিতর ও আশেপাশে সতর্কতা, অগ্নি নির্বাপনের প্রাথমিক ব্যবস্থা, দুর্ঘটনার সংবাদ অগ্নিনির্বাপন দপ্তরে দ্রুত জানানো ও ভীড়ের সময় সঠিক তত্ত্বাবধানের জন্য সর্বক্ষণের জন্য সেচ্ছাসেবক অবশ্যই রাখবেন।
- নিকটস্থ অগ্নিনির্বাপন কেন্দ্রের টেলিফোন নম্বর মণ্ডপের ভিতর ও দৃষ্টিগোচর স্থানে বড় অক্ষরে লিখে রাখুন।

### পূজা মণ্ডপে বিদ্যুতের ব্যবহার সম্পর্কিত নির্দেশাবলী :

- সরকারী লাইসেন্সধারী ইলেক্ট্রিশিয়ান দিয়ে বৈদ্যুতিক কাজ করাবেন।
- বিদ্যুৎ পরিবাহী তার যেন জোড়াতালিবিহীন সঠিক মানের হয়। মণ্ডপে ব্যবহৃত তার, সুইচ ইত্যাদি আই. এস. আই. মার্ক হওয়া বাঞ্ছনীয়। বৈদ্যুতিক ভোল্টেজ যেন প্রতিটি অংশের জন্য সুষম ও সঠিক হয় এবং অংশগুলি পৃথকভাবে সার্কিট ব্রেকারের সঙ্গে যুক্ত থাকে।
- ইলেক্ট্রিক মেন, অস্থায়ী মিটার ইত্যাদি যেন মূল মণ্ডপ থেকে যথেষ্ট দূরত্বে স্থাপিত হয়। বাড়ীর মিটার থেকে বিদ্যুৎ সংযোগ নেবেন না এবং কোথাও ছকিং করবেন না।
- বিদ্যুৎ পরিবাহী তার মূল মণ্ডপ ও অন্যান্য দাহ্যবস্তুর থেকে যেন অন্তত ২ ফুট নিরাপদ দূরত্বে থাকে।
- রাস্তায় লাগানো বৈদ্যুতিক আলোকসজ্জা যেন অগ্নিনির্বাপন দপ্তরের গাড়ী ও দর্শনার্থীদের চলাচলে ব্যাঘাত এবং অন্য কোন বিপদ না



### মণ্ডপের অগ্নিনিরাপত্তার নির্দেশাবলী :

- পূজা মণ্ডপে অগ্নিনির্বাপনের প্রাথমিক ব্যবস্থা, যেমন শুকনো বালি, আঁকশি, প্রাথমিক অগ্নিনির্বাপন যন্ত্র অবশ্যই রাখবেন। অগ্নিনির্বাপন যন্ত্রের ব্যবহার, প্রয়োজনে অগ্নিনির্বাপন দপ্তরে খবর দেওয়া, দর্শনার্থীদের ভীতিমুক্ত ও নিয়ন্ত্রণ করা ইত্যাদি স্বেচ্ছাসেবকদের অবশ্য কর্তব্য। পূজামণ্ডপের ভিতরে বড় অক্ষরে **“ধুমপান নিষেধ”** বোর্ড লাগান এবং নিয়মিত একথা মাইকে ঘোষণা করুন।
- পূজামণ্ডপের নিকটস্থ বহুতল বাড়িগুলির ছাদে বড় বড় ড্রামে পর্যাপ্ত পরিমাণ জল প্রয়োজনে ব্যবহারের জন্য মজুত রাখুন। আশেপাশের অস্থায়ী স্টলগুলিতে উন্মুক্ত আগুন ব্যবহার বন্ধ রাখুন। ভোগ রান্নার ঘর মূল মণ্ডপ থেকে ২০০ ফুট দূরে টিন দিয়ে ঘিরে রাখুন।
- মণ্ডপে প্রদীপ, ধুনি, হোম ইত্যাদির আগুন সতর্কভাবে জ্বালান এবং ব্যবহৃত আগুন আচ্ছাদিত রাখুন।

### আপৎকালীন নির্গমন ও কতিপয় বিশেষ আবেদন :-

- পূজামণ্ডপের প্রবেশদ্বার সর্বনিম্ন ১৪ ফুট চওড়া, ১২ ফুট উচ্চতাবিশিষ্ট হওয়া এবং একাধিক নির্গমনের পথ রাখা আবশ্যিক।
- বাঁশের ব্যারিকেড ও টিন দিয়ে ঘেরা মণ্ডপগুলিতে জরুরী নির্গমনের পথ রাখা বাধ্যতামূলক।
- আপৎকালীন পরিস্থিতির মোকাবিলায় এবং প্রতিমা দর্শনের পরে দর্শনার্থীদের সুষ্ঠুভাবে নির্গমনের জন্য দায়িত্বশীল স্বেচ্ছাসেবক নিয়োগ করুন।

### পূজা উদ্যোক্তা ও জনসাধারণের উদ্দেশ্যে আবেদন :-

- বিনা প্রয়োজনে বা নিছক রসিকতার জন্য অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরকে ডাকবেন না কারণ হয়ত সেই সময়েই অন্য কোন অগ্নিদুর্ঘটনা স্থলে তাদের উপস্থিতির বিশেষ প্রয়োজন।
- অগ্নিনির্বাপক গাড়ী ভাঙ্গচুর করলে প্রতক্ষভাবে সরকারের ও পরোক্ষভাবে আপনারই বেশী ক্ষতি।
- অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের কর্মীরা আপনার সর্বক্ষণের উপকারী বন্ধু। আরও দ্রুত ও উন্নত পরিষেবার জন্য তাদের সহযোগিতা করুন।



“অস্থায়ী মণ্ডপ নিৰ্মাণৰ বিধি মেনে চলুন  
মানুষৰ দ্ৰাণ ও ধনসম্পত্তি ৰক্ষা কৰুন  
অগ্নি-সুৰক্ষা সুনিশ্চিত ও সুদৃঢ় ৰাখুন।”

শিমবঙ্গৰ উত্তৰবঙ্গ এলাকাৰ গুৰুত্বপূৰ্ণ অগ্নিনিৰ্বাপন ও অকৃতী পৰিষেৱা

কেন্দ্ৰভুলিৰ সহায়ক টেলিফোন নম্বৰ :-

প্ৰধান অগ্নিপৰিষেৱা কাৰ্য্যালয় - ১০১, ২২৫২-৩১০১/৩১৬৩/৬১৭০/১১৬৫  
২২২৭-৬৬৬৬/২২৫২-২২২২/২২২৪/২২২৫/২২২৬/২২৮৬-১৫৭০

**DIVISION-COOCHBEHAR**

Coochbehar Fire Station (HQ)	-	03582 229101
Dinhata Fire Station	-	03581 255115
Mekliganje Fire Station	-	03584 255250
Tufangange Fire Station	-	03582 244203
Mathabhanga Fire Station	-	03583 255298

**DIVISION-DARJEELING**

Siliguri Fire Station (HQ)	-	0353 2502222, 0353 2501867
Darjeeling Fire Station	-	0354 259333, 0354 2252121
Karseong Fire Station	-	0354 2344411
Bijonbari Fire Station	-	03542 260503
Kalimpong Fire Station	-	03552 255450
Matigara Fire Station	-	03532 571999

**DIVISION-JALPAIGURI**

Jalpaiguri Fire Station (HQ)	-	03561 230129,03561 229611
Alipurduar Fire Station	-	03564 255101
Hansimara Fire Station	-	03566 240101
Malbazar Fire Station	-	03562 255080
Dhupguri Fire Station	-	03563 250001

**DIVISION-MALDA**

English Bazar Fire Station (HQ)	-	03512 278854
Chanchol Fire Station	-	03513 252101

**DIVISION-UTTAR DINAJPUR & DAKSHIN DINAJPUR**

Raigange Fire Station (HQ)	-	03523252222
Islampur Fire Station	-	03526255065
Dalkhola Fire Station	-	03525257005



Kaliaganj Fire Station	-	03522 30201909
Baalurghat Fire Station	-	03522 255613
Gangarampur Fire Station	-	03521 256800

#### **DIVISION-MURSHIDABAD**

Berhampore Fire Station (HQ)	-	03482 253601
Dhulian Fire Station	-	03485 266200
Kandi Fire Station	-	03484 256292

#### **DIVISION-PURULIA & BANKURA**

Bankura Fire Station (HQ)	-	03242 243291
Bishnupur Fire Station	-	03244256172 / 80
Purulia Fire Station	-	03252 222201
Santaldihi Fire Station	-	03251 260238
Raghunathpur Fire Station	-	03251 201453

#### **DIVISION-BIRBHUM**

Suri Fire Station (HQ)	-	03462 255500
Rampurhat Fire Station	-	03461 255101
Bolpur Fire Station	-	03463 252301

#### **DIVISION-BURDWAN**

Burdwan Fire Station (HQ)	-	0342 2657901
Kalna Fire Station	-	03454257101
Durgapur Fire Station	-	0343 2546061/62
Assansol Fire Station	-	0341 2304506
Ranigunge Fire Station	-	0341 2445104
Panagarh Fire Station	-	0343 2524255
Bhatar Fire Station	-	03422 322261
Katwa Fire Station	-	03453 255555
Labourhat Fire Station	-	0343 2556866

**“আপনি যখন আপনার পরিবার – পরিজন  
ও বন্ধুবান্ধবের সঙ্গে উৎসবের আনন্দ  
উপভোগে ব্যস্ত, তখন অগ্নিনির্বাপন ও  
জরুরী পরিষেবা দপ্তরের কর্মীবৃন্দ  
উৎসবের আনন্দ বর্জন করে আপনার  
নিরাপত্তার স্বার্থে রাতদিনের অতন্দ্র প্রহরী।”**

**অগ্নিনির্বাপন বিধি না মানা দণ্ডনীয় অপরাধ**



**Just Dial : 101**